মেহেরপুরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেল কৃষকের

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মোটরসাইকেলের ধাক্কায় ফাজিল মল্লিক (৬৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুর আড়াইটার দিকে আমঝুপি বিএডিসি ফার্মের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত ফাজিল হোসেন আমঝুপি দক্ষিণপাড়ার মৃত ইজু মল্লিকের ছেলে। এ ঘটনায় মোটরসাইকেল চালক শ্রাবণ (২০) আহত হয়েছেন। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মেহেরপুর মল্লিকপাড়ার ছেলে শ্রাবণ মোটরসাইকেল নিয়ে চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। অপরদিকে ইজু মল্লিক মাঠের কাজ সেরে বাইসাইকেল যোগে নিজ বাড়িতে ফেরার পথে সড়ক পার হচ্চিলেন। এসময় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাইকেলকে ধাক্কা দিলে ঘটনাস্থলে দুজনেই ছিটকে পড়েন। এতে ঘটনাস্থলেই মারা যান কৃষক ইজু মল্লিক। দুমড়ে মুচড়ে যায় দুর্ঘটনা কবলিত মোটরসাইকে ও বাইসাইকেলটি দুমড়ে মুচড়ে যায়।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ইউনিটের একটি দল ঘটনাস্থলে পৌছে আহত শ্রাবণকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। অপরদিকে, নিহত কৃষকের মরদেহ উদ্ধার করে তার স্বজনরা বাড়ি নিয়ে যায়।

কোটচাঁদপুরে পিকআপ ভ্যানের ধাক্কায় স্কুল শিক্ষক নিহত

কোটচাঁদপুর-কালিগঞ্জ সড়কের তালেশ্বর এলাকায় পিকআপ ভ্যানের ধাক্কায় দাউদ হোসেন (৬২) নামে এক অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক নিহত হয়েছেন।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) বিকেল ৩টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

নিহত দাউদ হোসেন ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার রাঙ্গিয়ার পোতা গ্রামের বাসিন্দা এবং এলাঙ্গী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ছিলেন।

স্থানীয়রা জানান, দুপুর ৩টার দিকে দাউদ হোসেন মোটরসাইকেলে করে কালিগঞ্জ থেকে নিজ বাড়ির পথে রওনা দেন। তালেশ্বর এলাকায় পৌঁছালে একটি পিকআপ ভ্যান তাকে ধাক্কা দেয়। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) হারুন জানান, ঘটনাটি কালিগঞ্জ থানার অন্তর্ভুক্ত হলেও মরদেহ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে থাকায় সুরতহাল প্রতিবেদন কোটচাঁদপুর থানা পুলিশ করবে। খবর পেয়ে থানার এসআই তবিবর রহমান ঘটনাস্থলে গেছেন।

দাউদ হোসেনের মৃত্যুতে পরিবার, শিক্ষার্থী ও স্থানীয়দের মাঝে শোকের ছায়া নেমে এসেছে। তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন।

কুষ্টিয়ার মিরপুরে ট্রলির ধাক্কায় শিশু নিহত

কুষ্টিয়ার মিরপুরে মাটি বোঝাইকৃত একটি শ্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং ট্রলির ধাক্কায় আরিয়ান (৪) নামের এক শিশু নিহত হয়েছে।

বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার ছাতিয়ান ইউনিয়নের কালিতলায় এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক ট্রলি চালক পালিয়ে গেলেও জনতা ঘাতক স্টিয়ারিং ট্রলিটিকে আটক করে।

নিহত আরিয়ান ছাতিয়ান কালিতলার আরিফ জোয়ার্দ্দারের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম জানান,

বাড়ীর পাশে সড়ক দিয়ে রাস্তা পার হওয়ার সময় মাটি বোঝাইকৃত শ্যালো ইঞ্জিন চালিত স্টিয়ারিং ট্রলির ধাক্কা লেগে রাস্তায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যায়।

কুষ্টিয়ায় ট্রলির ধাক্কায় শিশু নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে ইটবোঝাই একটি শ্যালো ইঞ্জিন চালিত ট্রলির ধাক্কায় শাকিব হোসেন (১২) নামের এক শিশু নিহত হয়েছে।

সোমবার দুপুরের দিকে কুষ্টিয়া-প্রাগপুর মহাসড়কের মথুরাপুর ইউনিয়নের কৈপাল হিসনাপাড়া মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শাকিব দৌলতপুর উপজেলার শালিমপুর গ্রামের আকবর মণ্ডলের ছেলে ও তারাগুনিয়া মডেল প্রাইমারি স্কুলের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বাবাকে খাবার দিয়ে শাকিব সাইকেল চালিয়ে তারাগুনিয়া বাজারের দিকে যাচ্ছিল। এ সময় বিপরীত দিক থেকে আসা একটি ইটভর্তি ট্রলি তাকে ধাক্কা দেয়। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হুদা জানান, দুর্ঘটনার পর ট্রলিচালক পালিয়ে গেলেও তাঁর এক সহযোগীকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেওয়া হয়েছে। ট্রলিটিকে জব্দ করা হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

দামুড়হুদায় অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই যুবক নিহত

দামুড়হুদা পুরাতন বাস্তপুর অজ্ঞাত গাড়িতে ধাক্কা লেগে দুজন নিহত হয়েছে। নিহত নাহিদ (১৯) পুরাতন বাস্তপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে ও সুইট (২৫) একই গ্রামের সেলিম উদ্দিনের ছেলে।

রাত এগারোটার দিকে পুরাতন বাস্তবপুর মাদ্রাসার আদরের কামারের দোকানের সামনে অজ্ঞাত অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুই মোটরসাইকেল আহারি নিহত হয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তবপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে নাহিদ ও সেলিম উদ্দিনের ছেলে সুইট মোটরসাইকেল যোগে রঘুনাথপুর থেকে বাস্তপুরের দিকে যাওয়ার সময় কামারের দোকানের সামনে পৌঁছালে অপর দিক থেকে আসা অজ্ঞাত গাড়ির সাথে ধাক্কা লেগে দুইজন ঘটনাস্থলে নিহত হয়। স্থানীয় লোকজন ঘটনাস্থলে পৌঁছে পুলিশকে খবর দেয়।

পরে খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির ঘটনাস্থল পরিদর্শন করেন।

মুজিবনগরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন কৃষক

মুজিবনগরে বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন জিল্লুর রহমান (৫৭) নামের এক কৃষক। এঘটনায় মোটরসাইকেল চালক স্কুলছাত্র রিমন (১৭) আহত হয়েছেন।

রবিবার বিকালে মেহেরপুর -মুজিবনগর সড়কের মুজিবনগর উপজেলার গৌরীনগর মোড়ে এই দুর্ঘটনা ঘটে। নিহত জিল্লুর রহমান মুজিবনগর উপজেলার গৌরীনগর গ্রামের সাত্তার গাজীর ছেলে, সে পেশায় কৃষক। আহত রিমন মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মোঃ ইমরান

হোসেনের ছেলে। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে ওসি মিজানুর রহমান জানান , স্কুল ছাত্র রিমন হোসেন কেদারগঞ্জ মোড় থেকে জিগছার মডেলের একটি মোটরসাইকেলবেপরোয়া গতিতে চালি শালিকাতে আসছিলেন। গৌরিনগর নামক স্থানে এসময় কৃষক জিল্লুর রহমান রাস্তা পার হচ্ছিলেন। এসময় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে তাঁকে স্বজোরে ধাক্কা মারে। এতে দুজনই রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন।

স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে তাদের অবস্থার অবনতি হয়। পরে তাদেও গুরুতর অবস্থায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক জিল্লুর রহমানকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান , এখন পর্যন্ত পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ দেইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তবে দুর্ঘটনাকবলিত মোটরাসাইকেলটি থানা হেফাজতে নেওয়া হয়েছে।

গাংনীতে ট্রাকের ধাক্কায় প্রাণ গেল ৯ বছরের শিশুর

মেহেরপুরের গাংনীতে ইট ভাটার ট্রাকের ধাক্কায় নয় বছর বয়সী তাইমুজ্জামান নামের এক স্কুল ছাত্রের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন নিহত তাইমুজ্জামানের বড় চাচা মোটরসাইকেল চালক মাসুদুজ্জামান (বাবু)।

সোমবার (২৭ জানুয়ারী) দুপুর ১টার দিকে মেহেরপুর -কুষ্টিয়া মহাসড়কের শুকুরকান্দি নামক স্থানে সামিয়া ফিলিং এন্ড অটো গ্যাস স্টেশনের সামনে এ দুর্ঘটনা ঘটে। তাইমুজ্জামান মেহেরপুর স্টেডিয়াম পাড়ার প্রবাসী মাহারুজ্জামানের ছেলে ও স্থানীয় মিশন স্কুলের দ্বিতীয় শ্রেণীর ছাত্র এবং আহত মাসুদুজ্জামান একই এলাকার মৃত

জবেদ আলীর ছেলে।

আহত মোটরসাইকেল চালক মাসুদুজ্জামান জানান, তিনি মোটরসাইকেল যোগে তার প্রবাসী ছোট ভাইয়ের ছেলে তাইমুজ্জামানকে সাথে নিয়ে দৌলতপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যাচ্ছিলেন। পথিমধ্যে আকুবপুর সামিয়া ফিলিং এন্ড অটো গ্যাস স্টেশনের সামনে পৌঁছালে বাম পাশে অবস্থিত থ্রী স্টার ইটভাটা থেকে একটি ট্রাক বেপরোয়া গতিতে এসে নিয়ন্ত্রণ হারিয়ে তার মোটরসাইকেলের পিছনে ধাক্কা দেয়। ট্রাকের ধাক্কায় মোটরসাইকেলের আরোহী আইমুজ্জামান পিছন থেকে পাকা সড়কের উপরে আছড়ে পড়ে গুরুতর আহত হয়। একই সাথে আহত হয় মোটরসাইকেল চালক বাবু।

স্থানীয় লোকজন আহতদের উদ্ধার করে দ্রুত কুষ্টিয়ার মিরপুর ৫০ শয্যা বিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাইমুজ্জামানকে মৃত ঘোষণা করেন এবং মোটরসাইকেল চালক বাবুকে প্রাথমিক চিকিৎসা দেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, ঘটনার পর স্থানীয় লোকজন ট্রাকটি আটক করতে পারলেও চালক পালিয়ে যায়। পরে ঘটনাস্থল থেকে ট্রাক জব্দ করে থানায় আনা হয়েছে। নিহতের পরিবারের অভিযোগের ভিত্তিতে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান পুলিশের ওই কর্মকর্তা।

কুষ্টিয়ায় মাইক্রোবাসের ধাক্কায় প্রাণ গেল ৪ স্কুলশিক্ষার্থীর

কুষ্টিয়ার খোকসায় মসজিদের মক্তবে আরবি পড়া শেষে বাড়ি ফেরার পথে মাক্রোবাসের ধাক্কায় ৪ স্কুল শিক্ষার্থী নিহত হয়েছে। এতে আহত হয়েছে আরও ২ জন।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৭টা ১৫ মিনিটে শিমুলিয়ায়

কুঠিপাড়া এলাকায় কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন - মিম (১২), তানজিলা (১১), বিথি (১২) ও সাদিয়া।

নিহত মিম শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মো. হানিফের মেয়ে, তানজিলা পালন শেখের মেয়ে ও বিথি হেলাল উদ্দিনের মেয়ে ও একই এলাকায় সাদিয়া।

কুষ্টিয়া হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) হারুনর রশীদ জানান, সকালে শিমুলিয়া কুঠিপাড়া জামে মসজিদে আরবি পড়া শেষে শিক্ষার্থীরা বাড়ি ফেরার পথে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক পার হচ্ছিল। হঠাৎ ঢাকা থেকে আসা একটি দ্রুতগামী মাইক্রোবাস তাদের চাপা দিয়ে পাশের পুকুরে উল্টে পড়ে। এ সময় ঘটনাস্থলেই মিমের মৃত্যু হয়। গুরুতর আহতদের উদ্ধার করে খোকসা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে তানজিলা, বিথি ও সাদিয়া নামের আরও তিনজন মারা যায়। আহত ফাতেমা ও সাদিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বিক্ষুব্ধ জনতা দুর্ঘটনার প্রতিবাদে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে রেখেছে বলেও জানান হারুনর রশীদ। তবে মাইক্রোবাসে কতজন যাত্রী ছিলেন বা এর চালক সম্পর্কে কোনো তথ্য প্রাথমিকভাবে জানাতে পারেননি তিনি।

এদুর্ঘটনার প্রতিবাদে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে রেখেছে বিক্ষুব্ধ জনতা। এতে সড়কের দুই পাশে যানজটের সৃষ্টি হয়।

দামুড়হুদায় মৈত্রী এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় যুবকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোটদুধপাতিলা রেলগেটে ট্রেনের ধাক্কায় বুদ্ধি প্রতিবন্ধী যুবকের মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে কলকাতা থেকে ছেড়ে আসা মৈত্রী এক্সপ্রেস ট্রেন ছোটদুধপাতিলা রেলগেটে পৌঁছালে এই দূর্ঘটনা ঘটে। মৃত ব্যক্তি হলো দর্শনা থানা এলাকার ডিহি কৃষ্ণপুর ডাক্তার

পারার ঝন্টু আলীর ছেলে আলামিন হোসেন (২৯)।

স্থানীয় সুত্রে জানাগেছে, উপজেলার ছোটদুধপাতিলা গ্রামের রেলগেটে কলকাতা থেকে ছেড়ে আসা মৈত্রী এক্সপ্রেস ট্রেন এসে পৌঁছালে বুদ্ধি প্রতিবন্ধী আলামিন হোসেন রাস্তা পার হতে গেলে ট্রেনের সাথে সজরে ধাক্কা লেগে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ও দর্শনা রেল পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। ঘটনাস্থল পরিদর্শন শেষে লাশের সুরতহাল রিপোর্ট করে দর্শনা রেলওয়ে পুলিশ লাশ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়। এবিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে বলে জানান দর্শনা রেলওয়ে পুলিশ।

কুষ্টিয়ায় অবৈধ ট্রলির ধাক্কায় স্কুল শিক্ষার্থী নিহত

কুষ্টিয়ায় স্যালো ইঞ্জিন চালিত অবৈধ ট্রলির ধাক্কায় আলী হোসেন (১৪) নামে এক স্কুল শিক্ষার্থী নিহত হয়েছে। মঙ্গলবার (২৬ মার্চ) সকালের দিকে শহরের হরিশংকরপুরে এলাকায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত আলী হোসেন কুমারখালী উপজেলার চাপড়া ইউনিয়নের সাঁওতা কারিগরপাড়া গ্রামের কাপড় ব্যবসায়ী হাসান আলীর ছেলে এবং সে সাঁওতা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, স্কুল শিক্ষার্থী আলী হোসেন নিজ বাড়ি থেকে বাইসাইকেল যোগে কুষ্টিয়া শহরের যাওয়ার পথে হরিশংকরপুর এলাকায় বিপরীত দিক থেকে আসা ইট বোঝায় ট্রলি তাকে ধাক্কা দেয়। এতে স্কুল ছাত্র রাস্তায় ছিটকে পড়ে ট্রলির চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই নিহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করে।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ সোহেল রানা

বলেন,   নিহতের মরদেহ উদ্ধার করে মর্গে প্রেরণ করা হয়েছে। পরিবারের অভিযোগ থাকলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।